দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 15 JUL 1995 ...
পৃষ্ঠা 4 কলাম 5 ......

43

## বেসরকারী মেডিক্যাল কলেজ স্থাপন প্রসঙ্গে

গত ৫ ও ৮ জুনের একটি দৈনিক পত্রিকায় প্রকাশিত বাংলাদেশ মেডিক্যাল এ্যান্ড ডেন্টাল কাউন্সিলের একটি বিজ্ঞপ্তি'র মাধ্যমে জানা গেল যে, বেসরকারী পর্যায়ে কয়েকটি মেডিক্যাল কলেজ শিক্ষা কার্যক্রম শুরু করেছে। এ সংবাদে আমরা অত্যন্ত আনন্দিত ও উৎসাহ বোধ করছি। মেডিক্যাল শিক্ষা একটি অত্যন্ত ব্যয়বহুল ও দুরূহ শিক্ষা কার্যক্রম। প্রতিবছর হাজার হাজার মেধাবী ও যোগ্য শিক্ষার্থী মেডিক্যাল কলেজে ভর্তির জন্য পরীক্ষা দিয়ে থাকে। এর মধ্যে মাত্র হাজার কয়েক ছাত্রছাত্রী ভর্তি হওয়ার সুযোগ পায়। এবার রেকর্ডসংখ্যক (প্রায় ছাব্বিশ হাজার) ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছিল। হতাশ ছাত্রছাত্রীদের অনেকেই হয়ত দেশের কষ্টার্জিত মূল্যবান বৈদেশিক মুদ্রা ব্যয় করে বিভিন্ন দেশে পড়াশোনার জন্য চলে যাবে।

এমতাবস্থায় দেশের জনহিতৈষী ব্যক্তিবর্গ যাঁরা বেসরকারী পর্যায়ে মেডিক্যাল শিক্ষার মতো ব্যয়বহুল শিক্ষার সুযোগ সৃষ্টির জন্য সাহসিকতার সাথে এগিয়ে এসেছেন তাঁরা নিঃসন্দেহে প্রশংসাযোগ্য। তাঁদের উদ্যোগে বর্তমানে দেশে বেসরকারী পর্যায়ে



ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এমনকি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে—যা উন্মুক্ত অর্থনীতিতে দেশের জন্য মঙ্গল বয়ে আনবে।

আমরা আশা করি, সরকার বেসরকারী পর্যায়ে স্থাপিত মেডিক্যাল কলেজসমূহকে সর্বোতভাবে সহযোগিতা ও সাহায্যদানে উৎসাহিত করবেন।

**মিসেস সুহেলী বেগম**
১৬১ কেবি ইসমাইল রোড
**মিসেস নূরুন্নাহার রহমান** ২৯৫, মাসকান্দা বিসিক এলাকা,
**মিসেস সালমা চৌধুরী** ১৫নং মোহাম্মদ আলী রোড, ময়মনসিংহ।
গোপালচন্দ্র সাহা, ময়মনসিংহ।